গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা
**Website: www.blcollege.edu.bd**

ফোন: +৮৮-০২৪৭৭৭০২৯৪৪
e-mail: infoblcollege@gmail.com

## ২০২১-২০২২ শিক্ষাবর্ষ প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

**আবেদন ফরম ও রেজিস্ট্রেশন ফিঃ ১,৩৫০/-** (আবেদন ফি ৩০০, রেজিস্ট্রেশন ফি-৮০০, ইনকোর্স পরীক্ষা ফি-২০০+ব্যবস্থাপনা ফি ৫০) **টাকা মাত্র**

**রেজিস্ট্রেশন ফরম অনলাইন থেকে ডাউন লোডের তারিখ ঃ ২৫.১১.২০২৪ হতে ১১.১২.২০২৪ খ্রি. পর্যন্ত**

**অনলাইনে Sonali esheba-এর মাধ্যমে ফি পরিশোধের তারিখঃ ২৬.১১.২০২৪ হতে ১২.১২.২০২৪ (ব্যাংক সময়) পর্যন্ত।**

**অনলাইনে পূরণকৃত ফরম কলেজে জমাঃ ০২.১২.২০২৪ হতে ১২.১২.২০২৪ পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতিত)**

### আবেদনের যোগ্যতা ও নির্দেশাবলীঃ

**(ক)** জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/ প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর এবং গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে। এছাড়া প্রার্থীর প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তিচ্ছু বিষয়টি স্নাতক (পাস) পর্যায়ে ন্যূনতম ৪০০ নম্বরের পঠিত বিষয় হিসাবে থাকতে হবে এবং তাতে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে জিপিএ ২.০ পেতে হবে।

**(খ)** জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না তবে এ সকল প্রার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় (৪০০ নম্বর সম্বলিত) অংশগ্রহণ করে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে জিপিএ ২.০০ পেলে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদনের সুযোগ পাবে।

**(গ)** জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত সার্টিফিকেট কোর্স পরীক্ষায় (৪০০ নম্বর সম্বলিত) ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

**(ঘ)** জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত স্নাতক সম্মান পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স প্রাইভেট প্রোগ্রামে ভর্তি হতে পারবে না। তবে তারা সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে শর্ত সাপেক্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স প্রাইভেট প্রোগ্রামে আবেদন করতে পারবে।

**(ঙ) উল্লেখ্য যে, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স প্রোগ্রামের জন্য প্রণীত নতুন সিলেবাস অনুযায়ী ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন প্রাপ্ত শিক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ করা হবে। নতুন সিলেবাস অনুযায়ী প্রত্যেক প্রার্থীকে ২০% নম্বরের ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এজন্য প্রার্থীকে স্ব স্ব বিভাগে যোগাযোগ করতে হবে।**

**চ)** প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) শিক্ষাবর্ষ।

**ছ)** আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।

**জ)** বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

১। প্রিলিমিনিয়ারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদনের জন্য প্রার্থীকে www.nu.ac.bd/admissions এ ফরম পূরণ করতে পারবে। আবেদনপত্র দাখিলের সময় প্রার্থীর পাসপোর্ট আকারের রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ 120x150 pixels, Image Type: JPG এবং maximum file size 50 KB. আবেদন দাখিলের পর প্রার্থী একটি পিন নম্বর পাবেন এবং আবেদনপত্র প্রি-ন্ট করতে পারবেন। অনলাইন আবেদনে কোন ধরণের ভুল তথ্য উপস্থাপন করলে আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২। পূরণকৃত আবেদন ফরমে ত্রুটি সংশোধনঃ আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে প্রার্থী তার আবেদন ফরমটি যাচাই করবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য প্রার্থীকে Applicants Login (Masters Preli Private) অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে Form Cancel/photo Change অপশনে গিয়ে Click to Generate the Security Key অপশনটি ক্লিক করলে প্রার্থী তার আবেদন ফরম উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে অনটাইম পাসওয়ার্ড OTP পাবে। এই OTP এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে। এ লক্ষ্যে আবেদনকারীকে তার ব্যক্তিগত সঠিক মোবাইল নম্বর সতর্কতার সঙ্গে আবেদন ফরমে সংযোজন করতে হবে। তবে কলেজ কর্তৃপক্ষ আবেদন ফরম নিশ্চয়ন করার পর তা আর বাতিল করা যাবে না। প্রার্থী ছবি পরিবর্তনের সুযোগ মাত্র একবারই পাবে।

৩। রেজিস্ট্রেশন ফি বাবদ ১৩৫০/- টাকা "Sonali eSheba" মোবাইল অ্যাপের "National University Fees" মেন্যু থেকে 'Application Fee' সিলেক্ট করে অথবা https://sbl.com.bd:7070/ লিংকে প্রবেশ করে "National University Fees" মেন্যু থেকে ' Application Fee' সিলেক্ট করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ফি পরিশোধ করতে হবে। ফি পরিশোধের পর প্রাপ্ত Payment Slip সংগ্রহ করতে হবে।

**৪। শুধুমাত্র নিম্নলিখিত বিষয়ে (প্রিলিমিনারী টু মাস্টার্স) প্রাইভেট প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করা যাবে ঃ**

**এম. এ. গ্রুপ = বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস, দর্শন, ইসলামী শিক্ষা।**

**এম. এস. এস. গ্রুপ = রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, সমাজবিজ্ঞান এবং এম. বি. এস. গ্রুপ = হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা।**

**৫। নিম্নেবর্ণিত কাগজপত্রসহ এক সেট আবেদন কলেজে জমা দিতে হবে।**

* ডিগ্রী পাসের অনলাইনের নম্বর ফর্দ এবং প্রশংসাপত্রের ফটোকপি এবং দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গিকারনামা।

* আবেদন ফরমের উপর একটি সচল মোবাইল নম্বর এবং নতুন সিলেবাস অনুযায়ী পঠিত বিষয় কোড লিখতে হবে।

২৫/১১/২৪

**(প্রফেসর সেখ মোঃ হুমায়ুন কবীর)**
অধ্যক্ষ
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা
২৫/১১/২৪

D:\OFFICE\Notice File\Preliminary to Masters Private Registration Notice 2021-22 25112024.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অধ্যক্ষের কার্যালয়**

সরকারি ব্রজলাল কলেজ, খুলনা

**Website: www.blcollege.edu.bd**

ফোন: +৮৮-০২৪৭৭৭০২৯৪৪

e-mail: infoblcollege@gmail.com

# ২০২১-২০২২ শিক্ষাবর্ষ প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামের রেজিস্ট্রেশনের বিষয় কোড (নতুন সিলেবাস অনুযায়ী)

| বিষয় | | পত্রসমূহ | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | ৬ষ্ঠ | ৭ম | ৮ম | ভাইভা |
| বাংলা | 411001 | 411003 | 411005 | 411007 | 411009 | 411011 | 411013 | 411015 | 411018 |
| ইংরেজি | 411101 | 411103 | 411105 | 411107 | 411109 | 411111 | 411113 | 411115 | 411118 |
| ইতিহাস | 411501 | 411503 | 411505 | 411507 | 411509 | 411511 | 411513 | 411515 | 411518 |
| ইসঃ ইতিহাস | 411601 | 411603 | 411605 | 411607 | 411609 | 411611 | 411613 | 411615 | 411618 |
| দর্শন | 411701 | 411703 | 411705 | 411709 | 411711 | 411713 | 411715 | 411717 | 411720 |
| ইসঃ শিক্ষা | 411801 | 411803 | 411805 | 411807 | 411809 | 411811 | 411813 | 411815 | 411818 |
| রাষ্ট্রবিজ্ঞান | 411901 | 411903 | 411905 | 411907 | 411909 | 411911 | 411913 | 411915 | 411918 |
| সমাজবিজ্ঞান | 412001 | 412003 | 412005 | 412007 | 412009 | 412011 | 412013 | 412015 | 412018 |
| অর্থনীতি | 412201 | 412203 | 412205 | 412207 | 412209 | 412211 | 412213 | 412215 | 412218 |
| হিসাববিজ্ঞান | 412501 | 412503 | 412505 | 412507 | 412509 | 412511 | 412513 | 412301 | 412516 |
| ব্যবস্থাপনা | 412601 | 412603 | 412605 | 412607 | 412609 | 412611 | 412613 | 412615 | 412618 |

## নির্দেশাবলীঃ

১। বিষয় কোড ও শিরোনাম সম্বলিত সিলেবাসের ফটোকপি সংগ্রহ করতে হবে।

২। ভর্তির আবেদন ফরমে প্রত্যেক শিক্ষার্থীকে গৃহীত বিষয় কোড লিখতে হবে।

৩। বিষয়ের বিষয় কোড ও পত্রের শিরোনাম কলেজ নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

৪। আবেদন ফরমের উপরে সচল একটি মোবাইল নম্বর লিখতে হবে।

বিঃ দ্রঃ প্রত্যেক শিক্ষার্থীকে ২০ নম্বরের ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এ জন্য ছাত্র-ছাত্রীকে স্ব স্ব বিভাগে যোগাযোগ করে ইনকোর্স পরীক্ষার তারিখ জেনে নিতে হবে।

২৫/১১/২৪

(প্রফেসর সেখ মোঃ হুমায়ুন কবীর)

অধ্যক্ষ

সরকারি ব্রজলাল কলেজ, খুলনা

২৫/১১/২৪